**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 08-04-24** **Desk in Charge :**

**Time : 7-35A.M.** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ দ্বিতীয় দফার লোকসভা নির্বাচনে মনোনয়ন প্রত্যাহারের আজ শেষ দিন। এই দফায় রাজ্যের তিন আসনে ভোট গ্রহণ আগামী ২৬শে এপ্রিল ।

২/ নির্বাচন কমিশন নতুন ও শহুরে ভোটারদের মতাধিকার প্রয়োগে উৎসাহ দিতে গণমাধ্যমকে নিবিড়ভাবে ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে।

৩/ প্রধানমন্ত্রী ফের বলেছেন, ইডি-র বাজেয়াপ্ত করা সাড়ে তিন হাজার কোটি টাকা প্রতারিতদের ফেরত দেওয়া হবে। গতকাল জলপাইগুড়ি সভা থেকে রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারকে দুর্নীতিগ্রস্ত বলে উল্লেখ করেছেন তিনি।

# তৃণমূল কংগ্রেসকে হেনস্থা করতে কেন্দ্রের বিজেপি সরকার এজেন্সিগুলির অপব্যবহার করছে বলে পুরুলিয়ার সভা থেকে মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী।

৪/ কংগ্রেস, রাজ্যের তিন লোকসভা আসন ও ভগবানগোলা বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য প্রার্থীদের নামের একটি তালিকা প্রকাশ করেছে।

৫/ ভূপতি নগরে হামলা চালানোর মুখ্যমন্ত্রীর অভিযোগ, খারিজ করেছে NIA ।

৬/ ISL ফুটবলে যুবভারতীয় ক্রীড়াঙ্গানে ইস্টবেঙ্গল, ২/১ গোলে বেঙ্গালুরু এফ সি-কে হারিয়ে দিয়েছে।

*******************************************************************

দ্বিতীয় দফার লোকসভা নির্বাচনে মনোনয়ন প্রত্যাহারের আজ শেষ দিন। এই দফায় রাজ্যের দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট আসনে আগামী ২৬শে এপ্রিল ভোট গ্রহণ। মনোনয়ন পত্র পরীক্ষার পর তিন আসনে আপাতত প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন ৪৭ জন। এর মধ্যে দার্জিলিং-এ আছেন- ১৪ জন। রায়গঞ্জে বৈধ মনোনয়নের সংখ্যা-২০ এবং বালুরঘাট কেন্দ্রে ১৩ জন প্রার্থীর মনোনয়ন বৈধ হিসেবে গণ্য হয়েছে।

*******************

নির্বাচন কমিশন জানিয়েছে, ২০২৪ এর সাধারণ নির্বাচন ঘোষণা হবার ২০ দিনের মধ্যে তাদের 'সুবিধা' পোর্টালে ৭৩ হাজারেরও বেশি আবেদন জমা পড়েছে। এই পোর্টালটির মাধ্যমে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন ধরনের নথিপত্র এবং অনুমতি সংক্রান্ত কাজকর্ম স্বচ্ছতার সঙ্গে 'আগে এলে আগে পাওয়া যাবে' ভিত্তিতে করা সম্ভব। এই পোর্টালের মাধ্যমে মিছিল বা সভা আয়োজনের অনুমতি, অস্থায়ী পার্টি অফিস খোলা, ঘরে ঘরে প্রার্থীদের প্রচার, ভিডিও ভ্যান, হেলিকপ্টার, নির্বাচনের কাজে ব্যবহারের জন্য যানবাহনের পারমিট এবং প্রচার পত্র বিতরণ সহ বিভিন্ন ধরনের কাজ করা সম্ভব। কমিশন জানিয়েছে, সুবিধা পোর্টাল থেকে প্রাপ্ত আবেদনগুলির মধ্যে ৪৪ হাজার ৬০০ টি অনুরোধের অনুমোদন দেওয়া হয়েছে। ১১ হাজার ২০০ টি অনুরোধ খারিজ করা হয়েছে এছাড়া দশ হাজারেরও বেশি আবেদন বাতিল বলে গণ্য করা হয়েছে। বাকি আবেদন গুলি নিয়ে বিচার বিবেচনা করা হচ্ছে। স্বচ্ছ এবং অবাধ নির্বাচন আয়োজনের ক্ষেত্রে নির্বাচন কমিশন প্রযুক্তি ব্যবহার করে এই পোর্টালটি চালু করেছে।

*******************

নির্বাচন কমিশন গতকাল এক প্রেস বিজ্ঞপ্তি জারি করে নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণ বৃদ্ধিতে সামাজিক মাধ্যমকে কাজে লাগাবার সিদ্ধান্ত নিয়েছে। এ ব্যাপারে কমিশন, শহুরে ভোটার এবং নতুন ভোটারদের আকর্ষিত করার জন্য

“টার্নিং ১৮” এবং you are the one শীর্ষক দুটিপ্রচার ব্যবস্থা গ্রহণ করে ভোট দান এ উৎসাহিত করার কৌশল নিয়েছে। এর পাশাপাশি ভোট সংক্রান্ত ভুয়ো খবর, বন্ধ করতে বিশেষ ব্যবস্থা নেওয়ার উপর গুরুত্ব দিয়েছে। এজন্য আকাশবাণী দূরদর্শন এবং পাবলিক ব্রডকাস্টিং সিস্টেমকে এ বিষয়ে বিশেষ গুরুত্ব সহকারে প্রচার জোরদার করতে নির্দেশ দেওয়া হয়েছে।

*******************

লোকসভা নির্বাচনের মুখে ভোটারদের মনে আস্থা বাড়াতে কোচবিহারের দিনহাটার মাতালহাট গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় কেন্দ্রীয় বাহিনী গতকাল রুট মার্চ করেছে। জেলার পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য ছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার। রুট মার্চের পাশাপাশি ভোটারদের সঙ্গেও কথা বলেন তাঁরা। খোঁজখবর নেন এলাকার পরিস্থিতি নিয়ে।

*******************

লোকসভা ভোটের জন্য নির্বাচনী প্রচার জমে উঠেছে।

শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, জলপাইগুড়ির ধূপগুড়িতে এক জনসভায় রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে অপশাসনের অভিযোগ তোলেন। তিনি বলেন, ওই দলের নেতারা অর্থ নয়ছয় থেকে শুরু করে, কেন্দ্রীয় সংস্থাগুলির ওপর হামলার সঙ্গে জড়িত। ইডির বাজেয়াপ্ত করা প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকার সম্পত্তি মানুষকে ফিরিয়ে দেওয়ার’ও আশ্বাস দেন তিনি।

(বাইট- মোদী )

এদিকে, পুরুলিয়ার হুড়ায় দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে গিয়ে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, বিজেপির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এজেন্সিগুলির অপব্যবহারের অভিযোগ তুলেছেন। রাজ্য সরকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে মানুষের পাশে থাকলেও, কেন্দ্রের বিজেপি সরকার CBI, ED, আয়কর দপ্তরকে দিয়ে তৃণমূল কংগ্রেস নেতা কর্মীদের হেনস্থা করছে।

(বাইট- মমতা)

******************

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকাল ঘাটাল আসনে দলীয় প্রার্থী দীপক অধিকারি-দেবের সমর্থনে একটি রোড শো করেন। চলতি বছরের ৩১শে ডিসেম্বরের মধ্যেই ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ শুরু হয়ে যাবে এবং এই কাজ রাজ্য সরকার করবে বলে অভিষেক জানান। পাশাপাশি, যে বিধানসভা, পঞ্চায়েত বা পুরসভায় তৃণমূল কংগ্রেস এগিয়ে থাকবে, সেখানে আবাস যোজনার প্রথম কিস্তির টাকা অগ্রাধিকারের ভিত্তিতে দেওয়া হবে বলে মন্তব্য করেন তিনি।

রাজ্যে প্রথম দফার নির্বাচনে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী। গতকাল বহরমপুরে জেলা কংগ্রেস কার্যালয়ে এক সাংবাদিক বৈঠকে অধীরবাবু বলেন, সুষ্ঠুভাবে ভোট না হওয়ার আশঙ্কা রয়েছে, এমন জায়গাগুলিতেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন হয়। সেদিক থেকে এবারে মানুষ অনেকটাই নিশ্চিন্তে তাঁদের মতাধিকার প্রয়োগ করতে পারবেন।

বসিরহাটের বিজেপি প্রার্থী, সন্দেশখালির প্রতিবাদী রেখা পাত্র গতকাল হাসনাবাদে নির্বাচনী প্রচারে অংশ নেন। এই আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী হাজি নুরুল’ও বাড়ি বাড়ি প্রচার কর্মসূচীতে অংশ নেন।

দার্জিলিং আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী গোপাল লামাকে ব্যাট হাতে স্থানীয়দের সঙ্গে ক্রিকেট খেলতে দেখা যায়। পাশাপাশি চলে জনসংযোগ’ও।

******************

ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে তৃণমূল কংগ্রেস মিথ্যাচার করছে বলে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। গতকাল পশ্চিম মেদিনীপুরের ডেবরায় এক সাংবাদিক বৈঠকে শুভেন্দু বলেন, রাজ্য সরকার মাস্টার প্ল্যানের

জন্য প্রয়োজনীয় জমি বরাদ্দ করতে ব্যর্থ হয়েছে। ৩১শে ডিসেম্বরের মধ্যে মাস্টার প্ল্যান রূপায়ণের কথা বলে তৃণমূল কংগ্রেস নেতারা আসলে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। যে ভাষায় রাজ্যের মুখ্যমন্ত্রী NIA-র নিন্দা করছেন, তা' দেশ এবং সংবিধান বিরোধী বলে'ও মন্তব্য করেন শুভেন্দু।

(বাইট- শুভেন্দু)

*******************

জাতীয় কংগ্রেস গতকাল রাজ্যের আরও তিন লোকসভা কেন্দ্রর জন্য প্রার্থীর নাম ঘোষণা করেছে। বনগাঁ কেন্দ্রে প্রদীপ বিশ্বাস, উলুবেড়িয়া কেন্দ্রে আজহার মল্লিক, ও ঘাটাল কেন্দ্রে পাপিয়া চক্রবর্তী প্রতিদ্বন্দ্বিতা করবেন।

সেই সঙ্গে কংগ্রেস গতকাল ভগবানগোলা বিধানসভা উপনির্বাচনেও প্রার্থীর নাম ঘোষণা করেছে। ওই উপনির্বাচনে কংগ্রেসের প্রার্থী হচ্ছেন অঞ্জু বেগম।

*******************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির NIA-এর বিরুদ্ধে ভূপতিনগরে হামলা চালানোর অভিযোগ বিবৃতি দিয়ে খারিজ করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি। গতকাল NIA-এর তরফে বিবৃতি জারি করে জানানো হয়, তাদের বিরুদ্ধে যে সব অভিযোগ তোলা হচ্ছে তা দুর্ভাগ্যজনক ও ভিত্তিহীন। শনিবার সকালে গ্রামবাসীদের প্ররোচনা দেওয়ার কোনও ঘটনা ঘটেনি।

বিবৃতিতে NIA-এর তরফে জানানো হয়েছে, ভূপতিনগরে তাদের পদক্ষেপে কোনও দুরভিসন্ধি ছিল না। সংস্থার বিরুদ্ধে বেআইনি কাজ করার যে অভিযোগ করা হচ্ছে ও তাকে ঘিরে যে বিতর্ক তৈরি হয়েছে তা দুর্ভাগ্যজনক। নাড়ুয়াবিলা গ্রামে দেশি বোমা তৈরির যে জঘন্য ষড়যন্ত্র করা হচ্ছিল তার বিরুদ্ধে জারি তদন্ত সম্পূর্ণ বৈধ ও আইনসিদ্ধ। ২০২২ সালের ডিসেম্বরের ওই ঘটনায় ২০২৩ সালের জুন মাসে কলকাতা হাইকোর্টের নির্দেশে তদন্তভার হাতে নেয় NIA ।

NIAর তরফে জানানো হয়েছে, বিনা প্ররোচনায় একদল উন্মত্ত জনতা তাদের ওপর হামলা চালিয়েছে। সংস্থার আধিকারিকদের আইনি পদক্ষেপ করায় বাধা

দিতে এই হামলা করা হয়েছে। ৫ জায়গায় স্বতন্ত্র সাক্ষীর উপস্থিতিতে তল্লাশি চলছিল। এর পর পদ্ধতি মেনে গ্রেফতার করা হয়েছে।

*******************

পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরের ঘটনায় কেন্দ্রীয় সংস্থা NIA-এর সঙ্গে বিজেপির যোগ রয়েছে বলে তৃণমূল কংগ্রেস ফের অভিযোগ করেছে। তৃণমূল ভবনে গতকাল দলের নেতা কুণাল ঘোষ ও চন্দ্রিমা ভট্টাচার্য এক যৌথ সাংবাদিক বৈঠকে বলেন, আদর্শ নির্বাচনী আচরণবিধি বলবত থাকাকালীন বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারি গত ২৬ শে মার্চ NIA-এর এসপি ধনরাম সিং-এর বাড়িতে বৈঠক করেছেন বলে তাঁদের কাছে খবর আছে। অন্যদিকে, বিষ্ফোরণের ওই ঘটনায় NIA, তিন তৃণমূল কংগ্রেস নেতা মানব কুমার পয়রা, সুবীর মাইতি এবং নবকুমার পান্ডা-কে নোটিশ পাঠিয়ে আজ নিউটাউনের দপ্তরে তলব করেছে।

*******************

NIA-এর বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ নজিরবিহীন বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ ও রাজ্য মুখ্যপাত্র শমিক ভট্টাচার্য বলেন, এরাজ্যে পুলিশ ও প্রশাসনের কোন স্বতন্ত্র অস্তিত্ব নেই। বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারী, NIA–এস পি-র বাড়িতে গিয়ে বৈঠক করেছেন বলে তৃণমূল কংগ্রেস যে অভিযোগ করছে, তাতে বোঝা যাচ্ছে জিতেন্দ্র তিওয়ারী তৃণমূলের প্রতিহিংসার শিকার হচ্ছেন। সাত দিনের মধ্যে তৃণমূল কংগ্রেস তাঁর বিরুদ্ধে তোলা অভিযোগ প্রমাণ করতে না পারলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে এবং মানহানির মামলা করা হবে বলে জিতেন্দ্র তিওয়ারী জানিয়েছেন।

*******************

মতুয়া ধর্ম মহামেলার মধ্যেই উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরের ঠাকুরবাড়িতে বড়মা বীণাপানি দেবীর ঘর দখলকে কেন্দ্র করে গতসন্ধ্যায় অশান্তি ছড়িয়েছে। মতুয়া মহাসঙ্ঘের নেত্রী মমতাবালা ঠাকুর অভিযোগ করেন যে, ‘অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘে’র সংঘাধিপতি সাংসদ শান্তনু ঠাকুর, তাঁর ভাই সুব্রত, পরিবারের

অন্যান্য সদস্য এবং কয়েকজন বিজেপি সমর্থককে সঙ্গে নিয়ে জোর করে তালা ভেঙে বীণাপানি দেবীর ঘর দখল করেছেন। তাঁকে শারীরিকভাবে হেনস্থা করা ছাড়াও তাঁর পরিবারকে অকথ্য ভাষায় গালিগালাজ করা হয়েছে বলেও মমতাবালা অভিযোগ করেছেন। (বলপূর্বক ঘরে প্রবেশ ও শারীরিক হেনস্থার অভিযোগ এনে মমতাবালা ঠাকুর গাইঘাটা থানায় শান্তনু ঠাকুর, তার বাবা মঞ্জুলকৃষ্ণ ঠাকুর ও অন্যদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন।)

অন্যদিকে, শান্তনু ঠাকুর এই অভিযোগ নস্যাৎ করে বলেন, প্রায় ৬-৭ বছর ধরে তাঁদের ঐ ঘরে যেতে দেন না মমতাবালা ঠাকুর। ঘরটিতে তালা'ও দিয়ে রাখা হয়, তাই বাধ্য হয়েই তাঁরা তালাভেঙে ঘরে ঢুকেছেন। মতুয়া ভক্তদের দাবি মেনে বড়মার স্মৃতি বিজরিত ঘরটি সবসময় খোলা রাখার পাশাপাশি সেটিকে হেরিটেজ করা হবে বলেও শান্তনুবাবু জানান।

*******************

উত্তর বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপোসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায় রাজ্যের বিভিন্ন প্রান্তে হালকা থেকে মাঝারি বৃষ্টি হচ্ছে। বাঁকুড়া ও বীরভূম, পূর্ব বর্ধমান, ঝাড়গ্রাম, পুরুলিয়া এবং পশ্চিম বর্ধমান জেলাতে গতকাল সন্ধের দিকেও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হয়। এর জেরে গতকাল তাপমাত্রার পারদ এক ধাক্কায় অনেকটা নেমে যায়। গতকাল কলকাতায় সর্ব্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের ৫'ডিগ্রি কম- ৩০ ডিগ্রি সেলসিয়াস। আজ সর্বনিম্ন ছিল ২৫ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের এক ডিগ্রি বেশী। উত্তরবঙ্গেও পরিস্থিতি একইরকম থাকার কথা জানিয়েছে আবহাওয়া দফতর। এর জেরে দক্ষিণবঙ্গে তাপমাত্রার পারদ তিন থেকে ৪ ডিগ্রী পর্যন্ত কমার সম্ভাবনা।

*******************

আইএসএল ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল ২/১ গোলে বেঙ্গালুরু এফ সিকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে সাউল ক্রেসপো, ক্লেটন সিলভা এবং বেঙ্গালুরুর সুনীল ছেত্রী গোল করেছেন।

ইস্টবেঙ্গল ২১ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে লিগ তালিকার ষষ্ঠ স্থানে উঠে এসেছে।

*******************

আই-লিগ জয়ী মহামেডান স্পোর্টিং , গতরাতে শিলং থেকে কলকাতায় ফিরেছে। সন্ধ্যা থেকেই দমদম বিমানবন্দর চত্বরে সমর্থকদের ভিড় আছড়ে পড়েছিল। কোচ আন্দ্রে চের্ণিশভ, ফুটবল সচিব দীপেন্দু বিশ্বাস সহ ফুটবলারা বিমানবন্দরে পৌঁছতেই আবেগের বাঁধ ভাঙ্গে। ফুল মালা দিয়ে তাঁদের অভিনন্দন জানানো হয়। ঘোষণা করা হয় আর্থিক পুরস্কারের। শোভাযাত্রা সহকারে টিম বাস মহামেডান স্পোর্টিং ক্লাব তাঁবুতে পৌঁছনোর পর শুরু হয় বিজয় উৎসব।

আগামী শনিবার মহামেডান স্পোটিং আই লীগে নিয়ম রক্ষার শেষ ম্যাচটি খেলবে।

**********************************************************************